মোটা হরফে লিখিত সংখ্যা

লাইব্রেরী সার্ভিসে আপনাকে স্বাগতম

লাইব্রেরী, আর্ট এবং তথ্য *আপনার ধারণা থেকেও অনেক বেশি*

www.somerset.gov.uk/libraries

লাইব্রেরী সার্ভিসে আপনাকে স্বাগতম যেখানে আপনার জন্য রয়েছেঃ

লাইব্রেরীর পারদর্শী কর্মচারীগণঃ যারা সাহায্য করতে পারবেন এবং আরো তথ্য দিতে পারবেন।

বইপত্র: প্রায় ১ মিলিয়নেরও বেশি বইপত্র - উপন্যাস, বাচ্চাদের গল্পের বই, মোটা হরফে লিখা বইপত্র এবং অনেক বিষয়ে লিখা প্রচুর বই - এসব কিছুই লাইব্রেরী থেকে ধার নেওয়া যাবে।

ক্যাটালগ (তালিকা): লাইব্রেরীর সব বইপত্র এবং অন্যান্য সামগ্রীর তালিকা।

www.foursite.somerset.gov.ukওয়েবসাইট টাইপ করে নিন এবং বাথ এবং নর্থ ঈস্ট সমারসেট, সাউথ গ্লস্টারশায়ার, নর্থ সমারসেট এবং সমারসেট কাউন্টি লাইব্রেরীর যৌথ ক্যাটালগ খুঁজে বের করে নেন। এই ওয়েবসাইটে গিয়ে যে কোন বইপত্র বা সামগ্রী সংরক্ষণ (রিজার্ভ) করে নিতে পারবেন, ধার নেওয়া সামগ্রী ফেরত দেওয়ার সময়সীমা বাড়াতে পারবেন, আপনার ব্যক্তিগত রেকর্ড দেখে নিতে পারবেন এবং আপনার মতামত এবং পরামর্শ আমাদের কাছে পাঠাতে পারবেন।

ইন্টারনেট, ওয়ার্ড প্রোসেসিং এবং স্প্রেডশিট বিনামূল্যে ব্যবহারের সুযোগঃ আমাদের সব লাইব্রেরী এবং মোবাইল (ভ্রাম্যমান) লাইব্রেরীতে রয়েছে পিওপোলস নেটওয়ার্ক টার্মিন্যাল এবং এগুলোর মাধ্যমে আপনি বিনামূল্যে ইন্টারনেট, ওয়ার্ড প্রোসেসিং এবং স্প্রেডশীট ব্যবহার করতে পারবেন।

সংযোগঃ আপনার নিজ কমপিউটারে লাইব্রেরীর ক্যাটালগ, ওয়েবসাইট এবং অনুসন্ধান পদ্ধতির সাথে সংযোগ পাবেন।

ফরমায়েশ দেওয়ার ব্যবস্থাঃ বইপত্র এবং লাইব্রেরীর অন্যান্য সামগ্রী আপনাকে দেওয়ার জন্য অনুরোধ জানাতে পারবেন - ইন্টারনেটের মাধ্যমে, টেলিফোনের মাধ্যমে অথবা নিজে লাইব্রেরীতে গিয়ে তা করে নিতে পারবেন।

ক্যাসেটে ধারণকৃত বইপত্র (টকিং বুক) এবং ভাষা শিক্ষার ক্যাসেটঃ এগুলো অধিকাংশ লাইব্রেরীতেই রয়েছে এবং সব লাইব্রেরীর মাধ্যমেই ধার নেওয়া যাবে।

ভিডিও, ডিভিডি এবং সিডিঃ এগুলো অধিকাংশ লাইব্রেরীতেই রয়েছে এবং সব লাইব্রেরীর মাধ্যমহৈ ধার নেওয়া যাবে।

কমপিউটার গেইম: টাওন্টটন লাইব্রেরীতে রয়েছে, এবং যে কোন লাইব্রেরীর মাধ্যমেই এগুলো ধার নেওয়া যাবে।

বাচ্চাদের লাইব্রেরীঃ এতে রয়েছে সব বয়সের বাচ্চাদের বইপত্র, নিয়মিত ভাবে আয়োজিত গল্পের আসর, স্কুল ছুটি থাকাকালীন শিক্ষামূলক কাজকর্ম এবং নার্সারী জাতীয় প্রতিষ্ঠান ও চাইল্ডমাইন্ডারদের জন্য সেবাসমূহ।

তথ্য: ইনকোয়ারী সেন্টার থেকে সব লাইব্রেরী সম্পর্কে তথ্য পাওয়া যাবে (যোগাযোগের বিবরণের জন্য 21নং পৃষ্ঠা দেখুন) অথবা ওনলাইন সার্ভিসে গিয়ে `Answer Now' ব্যবহার করুন (9নং পৃষ্ঠা দেখুন)।

মোবাইল লাইব্রেরীর সফরঃ সমারসেটের সমগ্র গ্রামীন এলাকায় ১,২০০টি স্থানে মোবাইল লাইব্রেরী গিয়ে থাকে।

সমারসেট স্টাডিজ (সমারসেট সম্পর্কে জ্ঞান): স্থানীয় এলাকার ইতিহাস সম্পর্কে তথ্য এবং ধার নেওয়ার মতো সামগ্রী, যা টাওন্টন লাইব্রেরীতে রয়েছে।

পারফর্মিং আর্টস (নাট্যশিল্প): ইয়োভিল লাইব্রেরীতে রয়েছে গান বাজনার এবং নাটকের অনেক সিংগুল কপি যেগুলো আপনি ধার নিতে পারবেন। এসব সামগ্রী আপনার বাসস্থানে ডেলিভারি করা যেতে পারে।

বাসস্থান থেকে বের হতে পারেন না এমন লোক এবং রেসিডেন্সিয়্যাল হোমসগুলোর জন্য সেবা: যারা লাইব্রেরীতে যেতে সমর্থ নন তাদের জন্য।

সিডি রম: নির্দিষ্ট কয়েকটি লাইব্রেরীতে তথ্যসূত্রের জন্য, ধার নেওয়া এবং বিক্রির জন্য এগুলো রয়েছে।

ফটোকপি করার সুযোগ: অধিকাংশ লাইব্রেরীতেই ফটোকপি করার সুযোগ রয়েছে। টাওন্টন এবং ইয়োভিল লাইব্রেরীতে রয়েছে রঙিণ ফটোকপির সুযোগ।

ফ্যাক্সের সুযোগ: সব লাইব্রেরীতেই এই ব্যবস্থা রয়েছে।

প্রদর্শনী এবং প্রদর্শন করে রাখা শিল্পকর্ম: স্থানীয় শিল্পীদের এবং গোষ্ঠীর শিল্পকর্মের প্রদর্শনী।

প্রকাশনা, কার্ড এবং অন্যান্য সামগ্রী কেনার সুযোগ।

শিক্ষা সামগ্রী: স্কুল এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের জন্য গ্রাহক হওয়ার ভিত্তিতে শিক্ষা সামগ্রী প্রদানের সার্ভিস।

রিডিং গ্রুপ সাপোর্ট: লেখাপড়ার সুযোগ এবং শিক্ষা-সামগ্রী

একটি নিরাপদ এবং উষ্ণ সংবর্ধনাপূর্ণ পরিবেশ, যেখানে প্রত্যেকের জন্যই কোন না কোন কিছু রয়েছে

কমিউনিটির কাজের জন্য হল ভাড়া নেওয়ার ব্যবস্থা

ক্যাফে এবং হালকা খাবার: (বর্তমানে শুধুমাত্র টাওন্টন লাইব্রেরীতে রয়েছে)

জেনে নিন

আপনার লাইব্রেরী সার্ভিস থেকে সবচেয়ে বেশি ফায়দা লাভ করতে এই প্রচারপত্রটি আপনাকে সাহায্য করবে। এই প্রচারপত্রের তথ্যাদি ছাড়াও লাইব্রেরী সার্ভিসের আরো অনেক বিষয় নিয়ে অতিরিক্ত প্রচারপত্র প্রকাশ করা হয়েছে। এসব প্রচারপত্র আপনার এলাকার লাইব্রেরীতে রয়েছে এবং তাতে রয়েছে:

বিকলাঙ্গ লোকদের প্রবেশ এবং অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা সম্পর্কে দিক-নির্দেশনা: সমারসেটের সব লাইব্রেরীতে বিকলাঙ্গ লোকদের প্রবেশ এবং অন্যান্য সুযোগ সুবিধার বিস্তারিত বিবরণ

বিকলাঙ্গ (ডিজেবোল্ড) লোকদের জন্য সেবাসমূহ: বিকলাঙ্গ লোকদেরকে লাইব্রেরী সার্ভিস থেকে কিভাবে সাহায্য করা হবে, সে সম্পর্কে ব্যাখা

ফি: বিভিন্ন সামগ্রীর ফি এর বিবরণ

বাচ্চাদের জন্য: বাচ্চাদের জন্য লাইব্রেরী সার্ভিস

পাঁচ বছরের নিচের বাচ্চাদের জন্য: মূল স্কুলে ভর্তি হওয়ার বয়স হয়নি এমন বাচ্চা এবং তাদের মা-বাবা বা অভিভাবকদের জন্য লাইব্রেরী সার্ভিস

পারিবারিক ইতিহাস/স্থানীয় এবং পারিবারিক ইতিহাস নিয়ে গবেষণা: এতে রয়েছে গবেষণার সামগ্রী এবং প্রয়োজনীয় ঠিকানা

ঠিকানা: সমারসেটের সব লাইব্রেরীর ঠিকানা

খোলার সময়সূচী: আপনি যে লাইব্রেরী ব্যবহার করেন সেই লাইব্রেরী খোলা ও বন্ধের সময়সূচী

গান বাজনা এবং ড্রামার ক্যাসেট ধার নেওয়া: এগুলো যারা ধার নেন তাদের জন্য দিক-নির্দেশনা

সাউন্ড রেকর্ডিং: ধার নিতে পারবেন এবং সিডি ব্যবহার করতে পারবেন

ভিডিও এবং ডিভিডি: ধার নিতে পারবেন এবং ভিডিও ও ডিভিডি ব্যবহার করতে পারবেন

রিডিং গ্রুপ: রিডিং গ্রুপ তৈরি সম্পর্কে সহায়তা এবং পরামর্শ

এই তথ্যটুকু অন্যান্য নমুনায়, যেমন, ব্রেইলে (অন্ধলিপিতে), এবং অন্যান্য ভাষার অনুবাদের কপি দেওয়া যেতে পারে। এগুলোর জন্য অনুরোধ করার একটি ফরম দেওয়ার জন্য যে কোন লাইব্রেরীর কোন কর্মচারীকে বলুন।

সূচীপত্র

লাইব্রেরীর মেম্বারশীপ..6

তথ্যসেবা..8

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়ে..10

গানের সিডি..10

ক্যাসেটে ধারণকৃত বই (টকিং বুক্স)..11

ভিডিও এবং ডিভিডি..12

বাসস্থান থেকে বেরুতে পারেন না এমন লোক এবং রেসিডেন্সিয়াল হোম............................12

বিকলাঙ্গ (ডিজেবোল্ড) লোকজন...13

মোবাইল লাইব্রেরী...13

সমারসেট স্টাডিজ লাইব্রেরী...14

পারফর্মিং আর্টস (নাট্যশিল্পের) লাইব্রেরী...16

রিডিং গ্রুপস..17

লাইফলং লার্নিং (জীবনভর শিক্ষা)...17

কমিউনিটির কাজের জন্য লাইব্রেরীর ব্যবহার...18

শিক্ষা সামগ্রী..18

আমাদের লক্ষ্য এবং আদর্শ...20

আপনার মন্তব্য...20

যোগাযোগের জন্য প্রয়োজনীয় বিবরণ...21

লাইব্রেরীর মেম্বাশীপ

আমি কিভাবে লাইব্রেরীর মেম্বার হবো?

আপনার সাথে আপনার এবং আপনার বর্তমান ঠিকানার পরিচয়ের প্রমাণস্বরূপ কোন কাগজপত্র নিয়ে আসবেন। (যদি বর্তমানে আপনার কোন স্থায়ী ঠিকানা না থাকে, তাহলে লাইব্রেরীর কর্মীরা আপনাকে 'ইনট্রোডাক্টরি মেম্বারশীপ' সম্পর্কে পরামর্শ দেবেন)। আপনার বিস্তারিত বিবরণ আমাদের কমপিউটারে রাখা হবে এবং এর পরে আপনাকে একটি মেম্বারশীপ কার্ড এবং পার্সেন্যাল আইডেন্টিফিক্যাশন নাম্বার (পিন) দেওয়া হবে। লাইব্রেরীর যে কোন সমাগ্রী যে কোন সময় ধার নিতে হলে, ধার নেওয়া সামগ্রীর সময় বাড়াতে হলে অথবা আমাদের ওয়েবসাইটের মাধ্যমে যে কোন সামগ্রী ধার নেওয়ার অনুরোধ জানাতে হলে, কিংবা যে কোন লাইব্রেরীতে ইন্টারনেট ব্যবহার করতে হলে আপনার এই কার্ডের দরকার হবে। সমারসেটের যে কোন লাইব্রেরী কিংবা মোবাইল লাইব্রেরীতেই আপনি আপনার কার্ড ব্যবহার করতে পারবেন। আপনার বয়স ১৬ বছরের নিচে হলে, আপনার মা অথবা বাবাকে কিংবা অভিভাবককে আপনার সাথে লাইব্রেরীতে আসতে হবে এবং আপনার মেম্বারশীপ কার্ডের জন্য দস্তখত দিতে হবে এবং ইন্টারনেট ব্যবহারের অনুমতি প্রদান করতে হবে (১০-১৫ বছরের বয়সের ছেলেমেয়েদের জন্য)। লাইব্রেরীতে পিওপোলস নেটওয়ার্ক টার্মিন্যাল ব্যবহার করতে হলে অথবা ওয়েবসাইটের মাধ্যমে ধার নেওয়া সামগ্রীর সময় বাড়াতে কিংবা সংরক্ষণ করতে হলে আপনার পিন এর দরকার হবে।

আমি কি কি সামগ্রী ধার নিতে পারবো?

আপনি যে কোন লাইব্রেরী থেকে সর্বাধিক ১৬টি সামগ্রী ধার নিতে পারবেন। এসব সামগ্রীর মধ্যে রয়েছে: বইপত্র, ক্যাসেটে ধারণকৃত বইপত্র (টকিং বুকস), ভিডিও, ডিভিডি, গানের সিডি, এবং কমপিউটার গেইম। একেক বারে সর্বাধিক চারটি ডিভিডি ধার নেওয়া যেতে পারে। একেক বারে একটি করে কমপিউটার গেইম ধার নেওয়া যাবে। বিশেষ বিশেষ গ্রাহকদের জন্য, যেমন, মূল স্কুলে ভর্তির বয়স হয়নি এমন বাচ্চাদের জন্য, রিডিং গ্রুপগুলোর জন্য অথবা রেসিডেন্সিয়্যাল হোমে বসবাসকারী লোকদের জন্য আরো বেশি সামগ্রী ধার নেওয়ার ব্যবস্থা রয়েছে। অনুগ্রহ করে লাইব্রেরীর কর্মীদের কাছ থেকে এই ব্যাপারে বিস্তারিত জেনে নিন।

আমাকে কি ধার নেওয়ার জন্য পয়সা দিতে হবে?

বইপত্র বিনামূল্যে ধার নেওয়া যাবে। ভিডিও, ডিভিডি, সিডি, ক্যাসেটে ধারণকৃত বই এবং কমপিউটার গেইমের জন্য পয়সা দিতে হবে। ক্যাসেটে ধারণকৃত বই এবং বিশেষ বিশেষ নমুনায় তৈরি সামগ্রী কয়েক ধরনের লোকদেরকে বিনামূল্যে দেওয়া হয়। সুতরাং 'ক্যাসেটে ধারণকৃত বই এবং ভিডিও' অধ্যায়টি অনুগ্রহ করে পড়ে নিয়ে এই ব্যাপারে জেনে নিন।

নির্দিষ্ট তারিখের মধ্যে সামগ্রী ফিরিয়ে এনে না দিলে পয়সা আদায় করা হয়। যদি আপনি সামগ্রীটি হারিয়ে ফেলেন অথবা নষ্ট করে ফেলেন, তাহলেও আমরা আপনার কাছ নতুন সামগ্রী কেনার খরচ চাইবো। আগে থেকে অনুরোধ জানানো অধিকাংশ সামগ্রীর জন্য ফি দিতে হয়। বিভিন্ন সামগ্রীর বর্তমান ফি'র হার ***চার্জেস* (Charges)** নামের প্রচারপত্রে দেওয়া হয়েছে।

আমি কতদিন পর্যন্ত ধার নেওয়া সামগ্রী রাখতে পারবো?

এগুলো নির্ভর করে ধার নেওয়া সামগ্রীর উপর:

বই...২১ দিন
বই (অপেক্ষমাদের তালিকায় রয়েছে এমন বই) ....১৪ দিন
ক্যাসেটে ধারণকৃত বই (টকিং বুকস) ....২১ দিন
সিডি.. ১৪ দিন
ভিডিও...৭ দিন

প্রতিষ্ঠানসমূহের কাছে সামগ্রী আরো বেশি দিনের জন্য ধার দেওয়া যেতে পারে।
আপনি যদি মনে করেন যে (ধার নেওয়ার সময়) ধার নেওয়া সামগ্রী ফেরত দেওয়ার শেষ তারিখে আপনি দূরে কোথাও থাকবেন, তাহলে আরো বেশী দিনের জন্য ধার নেওয়া সম্ভব হতে পারে। তা'ছাড়া, কোন বড় একটি বই পড়ে শেষ করার জন্য আপনার অতিরিক্ত সময়ের দরকার হলে, এই ব্যাপারে অনুগ্রহপূর্বক কর্মীদের কাছ থেকে জেনে নেবেন।

আমি কি ধার নেওয়া সামগ্রীর সময় বাড়াতে পারবো?

হ্যাঁ, পারবেন। যদি অন্য কোন লোকের সামগ্রীটির দরকার না হয়, তাহলে আপনি সর্বাধিক তিনগুন সময় পর্যন্ত সামগ্রীটি নতুন করে ধার নিতে পারবেন। নিম্নলিখিত যে কোন উপায়ে তা করে নিতে পারবেন:

- ইন্টারনেটের মাধ্যমে আমাদের www.foursite.somerset.gov.uk, এই ওয়েবসাইটে গিয়ে (কার্ড এবং পিনের দররকার হবে)
- আমাদের রিনিউয়্যাল লাইনের 01823 334344 নাম্বারে ২৪ ঘন্টাব্যাপী অর্থাৎ দিনে বা রাতে যে কোন সময় ফোন করে (কার্ড এবং পিনের দরকার হবে)
- সামগ্রীগুলো লাইব্রেরীতে নিয়ে এসে নবায়ন করে নিতে/ধার নিতে পারেন
- চিঠি অথবা ফ্যাক্সের মাধ্যমে লাইব্রেরীকে জানিয়ে নিয়ে
- 0845 3459177 নাম্বারে ফোন করে একজন কাস্টমার এডভাইজারকে জানিয়ে নিয়ে
- লাইব্রেরীর একটি কমপিউটার টার্মিন্যাল ব্যবার করে (কার্ড এবং পিনের দরকার হবে)

যদি আপনি এমন কোন সামগ্রী ধার নেন (ক্যাসেটে ধারণকৃত বই, ভিডিও, ডিভিডি, সিডি অথবা কমপিউটার গেইম) যেটির জন্য ফি দিতে হয়, তাহলে নতুন করে ধার নিতে হলে একই পরিমাণের ফি আপনাকে দিতে হবে।

আমি কি কোন সমাগ্রীর জন্য ফরমায়েশ করতে পারবো?

হ্যাঁ, পারবেন। আপনি তা পারবেন অনুরোধের একটি ফরম পূরণ করে নিয়ে, অথবা যে কোন কর্মীকে অনুরোধ করে অথবা কিছু সংখ্যক সামগ্রী আপনি নিজে সংরক্ষণ করে নিয়ে, পিওপোলস নেটওয়ার্ক টার্মিন্যাল ব্যবহার করে, ইন্টারনেটের মাধ্যমে লাইব্রেরীর ক্যাটালগে (সামগ্রীর তালিকায়) গিয়ে। প্রতিটি অনুরোধের জন্য আপনার কাছ থেকে ফি আদায় করা হবে, যা ফেরতযোগ্য নয়; তবে বাচ্চাদের বই এবং মোটা হরফে লিখা বইপত্রের জন্য আদায়কৃত অনুরোধ ফি ফেরত দেওয়া হবে। বাচ্চারা একেক বারে সর্বাধিক ছয়টি পর্যন্ত বইয়ের অনুরোধ জানাতে পারবে, তবে অন্যান্য সামগ্রীর জন্য তাদের কাছ থেকেও ফি আদায় করা হবে। যদি ক্যাটালগে গিয়ে আপনি নিজে নিজে কোন সামগ্রী বুক করে নেন, তাহলে লাইব্রেরীর কর্মীদের দ্বারা বুকিং ফি থেকে তা কম হবে। অনুগ্রহ করে লাইব্রেরীর কর্মীদের কাছ থেকে বিস্তারিত জেনে নিন। আপনার অনুরোধকৃত সামগ্রী বা সামগ্রীগুলো আপনাকে দেওয়ার জন্য প্রস্তুত করে নেওয়ার সাথে সাথেই চিঠি কিংবা ইমেইলের মাধ্যমে আপনাকে জানানো হবে এগুলো সংগ্রহ করার জন্য। যদি আপনার অনুরোধকৃত বই বা সামগ্রীটি আমাদের কাছে না থাকে, তাহলে এর একটি কপি খরিদ করা কিংবা অন্য কোন লাইব্রেরী থেকে ধার নেওয়া যায় কি না, তা আমরা বিবেচনা করে দেখবো।

যদি আমার মেম্বারশীপ কার্ড হারিয়ে যায় তাহলে কি হবে?
মেম্বারশীপ কার্ড হারিয়ে গেলে অনুগ্রহ করে সাথে সাথেই আমাদেরকে 0845 3459177 নাম্বারে ফোন করে জানাবেন, যাতে করে অন্য কেউ যাতে আপনার কার্ড ব্যবহার করতে না পারেন সেই ব্যবস্থা আমরা করতে পারি। যদি আপনি কার্ড হারানোর কথা আমাদেরকে না জানান, তাহলে আপনার কার্ড দিয়ে অন্য কেউ বইপত্র ধার নিলে সেগুলোর দায়িত্ব আপনাকে নিতে হবে। নতুন একটি কার্ডের জন্য আপনার কাছ থেকে সামান্য পরিমাণের ফি আদায় করা হবে।

যদি আমি নতুন ঠিকানায় যাই তাহলে কি হবে?
অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব 0845 3459177 নাম্বারে ফোন করে আমাদেরকে তা জানাবেন, যদি আপনার ঠিকানা পরিবর্তন করেন থাকেন।

তথ্যসেবা

কে কে তথ্যসেবা ব্যবহার করতে পারবেন?
যে কোন লোকই তথ্যসেবা ব্যবহার করতে পারবেন। এর জন্য আপনাকে লাইব্রেরীর মেম্বার হতে হবে না। সুতরাং আপনি যদি কোন প্রকল্পের জন্য বিশেষ ধরনের তথ্য চান, অথবা আপনার ঘরে যাওয়ার পরবর্তী বাসের সময় শুধু জানতে চান, তাহলে আপনার লাইব্রেরী সার্ভিস আপনাকে সাহায্য করতে পারবে।

আমি কোথায় তথ্য পাবো?

সব লাইব্রেরীতেই তথ্য রয়েছে। সেখানকার ট্রেইনিংপ্রাপ্ত কর্মচারীরা আপনার প্রয়োজনীয় তথ্য বের করে নেওয়ায় আপনাকে সাহায্য করবেন। অধিকতর জটিল তথ্য হয়তো ইনকোয়ারী সেন্টারে পাঠানো হতে পারে (যোগাযোগের বিবরণের জন্য 21নং পৃষ্ঠা দেখুন)।

ইনকোয়ারী সেন্টার কি?
তথ্যের চাহিদা মেটানোর জন্য ইনকোয়ারী সেন্টার ব্যাপক সেবা প্রদান করে। সেন্টারে রয়েছেন পারদর্শী লাইব্রেরীয়ান। লাইব্রেরীসমূহে নেই এমন শিক্ষা-সামগ্রী সম্পর্কে তাদের জ্ঞান রয়েছে। আপনি ইনকোয়ারী সেন্টারের সাথে চিঠি দিয়ে, টেলিফোন করে, ফ্যাক্স অথবা ইমেইল পাঠিয়ে যোগাযোগ করতে পারবেন (বিস্তারিত বিবরণের জন্য 21নং পৃষ্ঠা দেখুন)। তারা সাথে সাথেই আপনার অনুসন্ধানের জবাব দেবেন অথবা আপনার প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে নিয়ে আপনার সাথে যোগাযোগ করবেন।

লাইব্রেরী বন্ধ থাকা অবস্থায় আমি কিভাবে তথ্য লাভ করতে পারবো?
আপনি উইকডেইজে (সোমবার থেকে শুক্রবার পর্যন্ত) ইনকোয়ারী সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন, যদি আপনার এলাকার লাইব্রেরী বন্ধ থাকে।

তা'ছাড়া আপনি আনসার্স নাও (Answers Now) নামের একটি ইন্টারেক্টিভ ওনলাইন সার্ভিস ব্যবহার করতে পারেন। এই সার্ভিসটি সমারসেট, ব্রিসবেইন (অস্ট্রেলিয়া) এবং রিচল্যান্ড (সাউথ ক্যারোলিনা, ইউ.এস.এ) এর লাইব্রেরী সার্ভিসগুলো শরীক হয়ে প্রদান করে। এই সার্ভিসটি সপ্তাহের সাতদিন এবং ২৪ ঘন্টাই ব্যবহার করা যাবে।

এই সার্ভিসের সাথে সংযোগের জন্য এই ওয়েবসাইটে যানঃ www.somerset.gov.uk/libraries এবং Answers Now আইকনের উপর ক্লিক করুন।

লাইব্রেরীগুলোতে কি কি ধরনের তথ্যসামগ্রী পাওয়া যাবে?

অনেক ধরনের রেফারেন্স বুকস (তথ্যসূত্রের বই), জার্নাল এবং খবরের কাগজ, পুরোনো জাতীয় ও স্থানীয় খবরের কাগজের মাইক্রোফিল্ম এবং স্থানীয় এলাকার ইতিহাসের রেকর্ডপত্র। স্থানীয় খবরের কাগজ, ড্যাটাবেইজ, প্রচারপত্র, এবং তথ্য ইলেকট্রানিক পদ্ধতিতে এবং ইন্টারনেটেওর মাধ্যমেও পাওয়া যাবে।

লাইব্রেরীগুলোতে বিশেষ কোন বিষয়ে সংগ্রহকৃত তথ্য রয়েছে কি?

টাওন্টন লাইব্রেরীতে রয়েছে সমারসেট স্টাডিজ লাইব্রেরী এবং ইয়োভিল লাইব্রেরীতে রয়েছে পারফর্মিং আর্টস লাইব্রেরী। তা'ছাড়া ইয়োভিল লাইব্রেরীতে স্থানীয় ইতিহাস সম্পর্কে এবং উড়োজাহাজ সম্পর্কে বিশেষ ভাবে সংগ্রহকৃত তথ্য রয়েছে এবং স্ট্রীট লাইব্রেরীতে রয়েছে লরেন্স হাউসম্যানের সংগ্রহকৃত সামগ্রী।

আর কি কি সুবিধা রয়েছে?

অনেক লাইব্রেরীতে ফটোকপি করার সুবিধা রয়েছে এবং টাওন্টন ও ইয়োভিল লাইব্রেরীতে রঙিণ ফটোকপি করা যায়। কপিরাইট (গ্রন্থস্বত্ব) সংক্রান্ত আইন ভঙ্গ না করে আপনি প্রকাশিত সামগ্রীর ফটোকপি করতে পারবেন। অনেক লাইব্রেরীতে একান্তে লেখাপড়া করার সুবিধা রয়েছে এবং প্রতিটি লাইব্রেরীতেই রয়েছে ফ্যাক্স মেশিন।

আপনাদের এখানে কি বিনামূল্যে ইন্টারনেট ব্যবহার করা যায়?

হ্যাঁ, সব লাইব্রেরী এবং মোবাইল লাইব্রেরীতেই বিনামূল্যে ইন্টারনেট ব্যবহার করা যায়।

আমার প্রয়োজনী তথ্যের জন্য আমি কিভাবে অনুরোধ জানাবো?

আপনি নিজে যে কোন লাইব্রেরীতে যেতে পারেন। বিকল্প হিসাবে আপনি ইনকোয়ারী সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন (21নং পৃষ্ঠা দেখুন)। সবকয়টি লাইব্রেরীর সাথে যোগাযোগের বিবরণ আলাদা একটি প্রচারপত্রে দেওয়া হয়েছে এবং টেলিফোন বুকের মধ্যে Somerset County Council শিরোনামের অধীনেও তা রয়েছে। যোগাযোগের পুরো বিবরণ এবং ইমেইল এড্রেস লাইব্রেরীজ, আর্টস এন্ড ইনফর্মেশন ওয়েবসাইটে পাওয়া যাবেঃ www.somerset.gov.uk/libraries

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের জন্য

১৬ বছরের নিচের বয়সের ছেলেমেয়েদের জন্য লাইব্রেরীতে কি কি রয়েছে?

লাইব্রেরীর সব সার্ভিসের মাধ্যমেই ছেলেমেয়েদের আগ্রহের উপযুক্ত সেবা প্রদান করা হয়। অনুগ্রহ করে আলাদা একটি প্রচারপত্র ফর চিলড্রেন (For Children) পড়ে নিন। সেই প্রচারপত্র ছেলেমেয়েদের জন্য বিভিন্ন ধরনের সুবিধার সারাংশ তুলে ধরা হয়েছে।

পাঁচ বছরের নিচের বাচ্চাদের জন্য লাইব্রেরীতে কি আলাদা কোন কিছু রয়েছে?

হ্যাঁ, রয়েছে। পাঁচ বছরের নিচের বয়সের বাচ্চাদের জন্য রয়েছে মূল স্কুলে ভর্তি হওয়ার পূর্বকালীন শিক্ষা প্রতিষ্ঠান (নার্সারী) এবং চাইল্ডমাইন্ডারদের জন্য বইপত্র ধার নেওয়ার ব্যবস্থা। অনুগ্রহ করে আন্ডার ফাইভ্স (Under Fives) নামের প্রচারপত্রটি পড়ে নিন।

গানের সিডি

আমি গানের সিডি কোথা থেকে ধার নেবো?

গানের সিডি ব্রিজওয়াটার, বার্নহাম-ওন-সি, চার্ড, ক্রিউকেয়ার্ন, ফৌম, গ্লাস্টনবারি, মাইনহেড, শেপ্টন ম্যালেট, স্ট্রীট, টাওন্টন, ওয়েল্স, উইনক্যান্ট এবং ইয়োভিল লাইব্রেরীতে রয়েছে এবং আরো লাইব্রেরীতেও তা রাখার ব্যবস্থা করা হচ্ছে। যে কোন লাইব্রেরী থেকেই আপনি গানের সিডি ধার নিতে পারবেন, সেই লাইব্রেরীতে গানের সিডি থাকুক বা নাই থাকুক। অনুগ্রহ করে আলাদা একটি প্রচারপত্র মিউজিক সিডিজ (Music CDs) পড়ে নিন। এই প্রচারপত্রে গানের সিডি সম্পর্কে বিস্তারিত ভাবে বুঝিয়ে বলা হয়েছে।

সংগ্রহকৃত ব্যাপক গানের সিডির মধ্যে রয়েছেঃ রক এবং পপ গান, ক্ল্যাসিক্যাল গান; জাজ এবং ব্লুজ; ওপেরা; মিউজিক্যাল এবং মোভিজ সাউন্ডট্রাক; লোকগীতি এবং অন্যান্য দেশের গান; কাউন্টি মিউজিক এবং ইজি লিসেনিং। ধার নেওয়ার মতো হাজার হাজার সিডি রয়েছে এবং প্রতিনিয়তই নতুন নতুন সিডি যোগ করা হচ্ছে।

ক্যাসেটে ধারণকৃত বই (টকিং বুকস)

আমি কোথা থেকে টকিং বুক ধার নিতে পারবো?

আপনি যে কোন লাইব্রেরী বা মোবাইল লাইব্রেরী থেকে টকিং বুক ধার নিতে পারবেন। এগুলো ক্যাসেটে পাওয়া যায় এবং সিডিতেও তা ক্রমবর্ধমান হারে রেকর্ড করে নেওয়া হচ্ছে। সংক্ষিপ্ত অথবা অসংক্ষিপ্ত কপিও পাওয়া যেতে পারে। আপনি সরাসরি লাইব্রেরীর শেলফ থেকে তা বেছে নিতে পারেন (যদি লাইব্রেরীটিতে তা থাকে) অথবা লাইব্রেরীর ক্যাটালগ দেখে আপনি সিডির ফরমায়েশ করতে পারেন।

সিডির ফি কতো?

লাইব্রেরীর কোন সামগ্রী ধার নেওয়া বা ফরমায়েশ করার জন্য পয়সা দিতে হয়, তবে আপনি তা বিনামূল্যে পাওয়ার যোগ্য হলে কোন পয়সা দিতে হবে না। তা'ছাড়া, কোন রেকর্ড নষ্ট হয়ে গেলে বা হারিয়ে গেলেও তার জন্য পয়সা দিতে হয়। চার্জেস (Charges) নামের প্রচারপত্রে বর্তমানের ফি'র হার দেখানো হয়েছে।

টকিং বুক বিনামূল্যে কোন ধরনের লোক ব্যবহার করতে পারবেন?

টকিং বুক বিনামূল্যে পাবেন যদি:

- আপনি রেজিস্টার্ড ব্লাইন্ড (অন্ধ) হন অথবা চোখে আংশিক ভাবে দেখেন
- আপনার কোন কোন বিকলাঙ্গতা (ডিজেবিলিটি) থাকে, যেটির জন্য কোন বইপত্র ধরতে বা ব্যবহার করতে না পারেন
- আপনার ডিসলেক্সিয়া (লিখা ও পড়ায় এবং বানানে সমস্যা) থাকে।

বিনামূল্যে ব্যবহারের জন্য অন্য কোন খরচ রয়েছে কি?

যদি আপনি বিনামূল্যে সার্ভিস পাওয়ার যোগ্য হন, তাহলে টকিং বুক (ক্যাসেটে ধারণকৃত বই) এর ফরমায়েশ দেওয়ার জন্য অথবা ধার নেওয়ার জন্য কোন পয়সা দিতে হবে না। তবে নির্দিষ্ট সময়ের মধ্যে ক্যাসেটগুলো ফিরিয়ে এনে না দিলে আপনার কাছ থেকে পয়সা আদায় করা হবে এবং কোন সামগ্রী হারিয়ে গেলে বা নষ্ট হলেও আপনার কাছ থেকে পয়সা আদায় করা হবে।

বিনামূল্যে ব্যবহারের জন্য আমি কিভাবে দরখাস্ত করবো?

আপনার ডাক্তার, চোখের ডাক্তার অথবা স্পেশ্যালিস্ট সোশ্যাল ওয়ার্কারকে অনুরোধ করুন, আলাদা একটি দরখাস্ত ফরম পূরণ করে দেওয়ার জন্য। বিকল্প হিসাবে, আপনি লাইব্রেরীর কর্মচারীদেরকে একটি আর.এন.আই.ডি (RNID) কার্ড অথবা আপনার চোখের সমস্যার অন্যান্য প্রমাণপত্র দেখাতে পারেন। যেসব বাচ্চার ডিসলেক্সিয়া (লিখা ও পড়ায় সমস্যা) রয়েছে, তাদের ক্ষেত্রে তাদের শিক্ষকের একটি দস্তখতের দরকার হবে। অন্যদিকে পুর্ণবয়সের লোকদের ক্ষেত্রে ব্রিটিশ ডিসলেক্সিয়া এসোসিয়েশন কর্তৃক অনুমোদিত স্কিল্‌স টিউটার অথবা শিক্ষকের দস্তখতের প্রয়োজন হবে।
অনুগ্রহ করে আপনার এলাকার লাইব্রেরীতে পূরণকৃত ফরমটি পাঠিয়ে দেবেন এবং সেখানকার কর্মচারীরা টকিং বুক পছন্দ করায় আপনাকে সাহায্য করবেন।

ভিডিও এবং ডিভিডি

কি কি ভিডিও পাওয়া যায়?

অনেক ধরনের মোভি, টিভি সিরিজ এবং নাটক, কমেডি, বাচ্চাদের ভিডিও এবং সাধারণ আগ্রহের ভিডি অনেক লাইব্রেরীতে রাখা হয় এবং যে কোন লাইব্রেরীর মাধ্যমেই তা ধার নেওয়া যাবে। বিভিন্ন ধরনের ভিডিওর পুরো তালিকা ভিডিওজ এন্ড ডিভিডিজ (VDEOs & DVDs) নামের আলাদা একটি প্রচারপত্রে রয়েছে। ডিভিডি ব্রিজওয়াটার, বার্নহ্যাম-ওন-সি, চার্ড, ফ্রৌম, গ্লাস্টনবারি, মাইনহেড, স্ট্রীট, টাওন্টন, ওয়েলিংটন, ওয়েল্স এবং ইয়োভিল লাইব্রেরীতে রয়েছে, এবং যে কোন লাইব্রেরীর মাধ্যমেই ধার নেওয়া যাবে। অন্যান্য লাইব্রেরীতে ডিভিডি রাখার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

চোখে দেখায় অথবা কানে শোনায় সমস্যাসম্পন্ন লোকদের জন্য উপযুক্ত ভিডিও কি আপনারা রাখেন?

টাওন্টন লাইব্রেরীতে কিছু সংখ্যক সাবটাইটোল যুক্ত ফিচার ফিল্ম, সাইন ল্যাংগুয়েজ যুক্ত ভিডিও এবং মৌখিক ভাবে ধারা বিবরণীযুক্ত ভিডিও রাখা হয়। অনুগ্রহ করে বিস্তারিত বিবরণের জন্য কর্মচারীদেরকে জিজ্ঞাসা করুন। অধিকাংশ ভিডিওতে রয়েছে 'ক্লোজড ক্যাপশন্স' (এক ধরনের সাবটাইটোলিং), যেটির জন্য আপনার 'ক্লোজড ক্যাপশন' ডিকোডারের প্রয়োজন হবে। মেইন মেনুতে গিয়ে সহজেই সাবটাইটোল দেখা যায়।

ঘর থেকে বের হতে পারেন না এমন লোক এবং রেসিডেন্সিয়্যাল হোম

যদি আমি লাইব্রেরীতে যেতে না পারি তাহলে কি হবে?

যদি আপনি ঘর হতে বের হতে না পারেন এবং আপনার এলাকার লাইব্রেরীতে যেতে সমর্থ না হন, তাহলে লাইব্রেরীর কর্মচারীরা একজন স্বেচ্ছাসেবীর ব্যবস্থা করতে পারবেন, যিনি নিয়মিত ভাবে কিছু বই নিয়ে আপনার বাসস্থানে যাবেন। যেসব স্থানে মোবাইল লাইব্রেরী যায়, সেখানকার কোন স্থানে আপনি বাস করলে, মোবাইল লাইব্রেরীর ড্রাইভার আপনাকে সাহায্য করতে পারবেন। স্বেচ্ছাসেবী অথবা ড্রাইভার টকিং বুক এবং অন্যান্য সামগ্রী ধার নেওয়ায়, অথবা যে কোন সামগ্রীর ফরমায়েশ দেওয়ায় আপনাকে সাহায্য করতে পারবেন।

আমি কিভাবে দরখাস্ত করবো?

আলাদা একটি দরখাস্ত ফরম পূরণ করে নিন এবং আপনার ডাক্তার, নার্স অথবা সোশ্যাল ওয়ার্কারকে অনুরোধ করুন তাতে দস্তখত দেওয়ার জন্য। এর পরে আপনার এলাকার লাইব্রেরীর ঠিকানায় পাঠিয়ে দিন। আপনার এলাকার লাইব্রেরীর ঠিকানা টেলিফোন বুকের মধ্যে সমারসেট কাউন্টি কাউন্সিল শিরোনামের অধীনে পাবেন।

এর পরে কি হবে?

একজন অনুমোদিত স্বেচ্ছাসেবী আপনার সাথে যোগাযোগ করে আপনার সাথে দেখা করার ব্যবস্থা করবেন। এর অল্প কয়েক দিন পরেই আপনি প্রথম বারের মতো বইপত্রের ডেলিভারি পাবেন।

যদি আমি কোন রেসিডেন্সিয়াল হোমে বাস করি তাহলে কি হবে?

রেসিডেন্সিয়াল হোমগুলো বইপত্র নেওয়ার জন্য লাইব্রেরীর সাথে নিজেদের নাম রেজিস্টার করে নিতে পারে। রেজিস্টার করে নেওয়ার পর তাদের কাছে সাধারণত তাদের নিকটতম লাইব্রেরী থেকে বইপত্র পাঠানো হয়। ১০ অথবা ততোধিক বিছানা বিশিষ্ট রেসিডেন্সিয়াল হোমের জন্য রেজিস্টার্ড ফি দিতে হয়। যদি আপনার রেসিডেন্সিয়াল হোমটি বইপত্র সংগ্রহ করার জন্য রেজিস্টার্ড না হয়, তাহলে বাসস্থান থেকে বের হতে পারেন না এমন লোকদের জন্য সার্ভিসের কাছে দরখাস্ত করতে পারবেন।

বিকলাঙ্গ (ডিজেবোল্ড) লোকজন

লাইব্রেরীর সার্ভিসসমূহ ব্যবহার করায় বিকলাঙ্গ লোকদের জন্য কোন সাহায্যের ব্যবস্থা রয়েছে কি?

সার্ভিসেস ফর ডিজেবোল্ড পিওপোল (Services for Disabled People) নামের প্রচারপত্রে লাইব্রেরী সার্ভিস কিভাবে বিকলাঙ্গ লোকদেরকে সাহায্য করতে পারবে, তা বুঝিয়ে বলা হয়েছে। একসেস গাইড (Access Guide) নামের অন্য একটি প্রচারপত্রে সমারসেটের লাইব্রেরীগুলোতে বিকলাঙ্গ লোকদের প্রবেশ এবং অন্যান্য সুযোগ সুবিধা সম্পর্কে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে। আমাদের সব সার্ভিসই আমরা যতটুকু সম্ভব ব্যবহারযোগ্য করে তুলতে চাই এবং তা উন্নত করা সম্পর্কে আপনার যে কোন মতামতকে আমরা স্বাগত জানাবো।

মোবাইল লাইব্রেরী

কখন এবং কোন্ কোন্ জায়গায় মোবাইল লাইব্রেরী আসে?

২০০৪ সালের জুলাই মাস থেকে সব মোবাইল লাইব্রেরী সপ্তাহে তিনবার ভ্রমন করবে। আপনার এলাকায় কখন এবং কোথায় তা যাবে, মোবাইল লাইব্রেরীর যাত্রাপথের ম্যাপে তা পাবেন। প্রতিটি লাইব্রেরী এবং মোবাইল লাইব্রেরীতে রয়েছে সমগ্র সমারসেটের মোবাইল লাইব্রেরীর যাওয়ার সম্পূর্ণ সময়সূচী।

আমি কিভাবে মোবাইল লাইব্রেরীর মেম্বার হবো?

আপনার পরিচিতির এবং ঠিকানার প্রমাণস্বরূপ কাগজপত্র নিয়ে মোবাইল লাইব্রেরীতে আসবেন। (যদি আপনার কোন স্থায়ী ঠিকানা না থাকে, তাহলে কর্মচারীরা ইনট্রোডাক্টরি মেম্বারশীপ নামের একটি কর্মসূচী সম্পর্কে আপনাকে পরামর্শ দেবেন)। আপনাকে একটি মেম্বারশীপ কার্ড দেওয়া হবে এবং এই কার্ডটি আপনি সমারসেটের যে কোন লাইব্রেরীতে ব্যবহার করতে পারবেন। যদি এর আগে আপনার সমারসেটের লাইব্রেরীর মেম্বারশীপ কার্ড থাকে, তাহলে অনুগ্রহ করে কার্ডটি কর্মচারীদেরকে দেখাবেন।

আমি কতদিন পর্যন্ত লাইব্রেরীর সামগ্রী রাখতে পারবো?

যদি আপনি বই বা সামগ্রীটির ব্যবহার শেষ করে ফেলেন, তাহলে অনুগ্রহ করে পরবর্তী যে দিন মোবাইল লাইব্রেরী যাবে সেইদিন ফেরত দিয়ে দেবেন। তবে সামগ্রীগুলো আপনাকে ছয় সপ্তাহের জন্য ধার দেওয়া হবে।

আমি ধার নেওয়ার সামগ্রীগুলোর সময় কিভাবে বাড়াবো?

আপনার মেম্বারশীপ কার্ড এবং পিন নাম্বার থাকলে, 01823 334344 নাম্বারে ফোন করবেন, যেটি ২৪ ঘন্টাব্যাপী খোলা থাকে। অনুগ্রহ করে তারিখের স্থানে নতুন তারিখ লিখবেন। তা'ছাড়া www.foursite.somerset.gov.uk,এইওয়েবসাইটে গিয়ে আপনি লাইব্রেরীর ক্যাটালগের মাধ্যমে ধার নেওয়ার সামগ্রীর সময় বাড়াতে পারবেন। বিকল্প হিসাবে মোবাইল লাইব্রেরীর ড্রাইভারের কাছে বইপত্র নিয়ে যাবেন এবং তিনি সময় বাড়িয়ে দেবেন এবং সিল মারবেন।

মোবাইল লাইব্রেরীতে আমি কি কি পাবো?

মোবাইল লাইব্রেরীতে আপনি অনেক বিষয়ে লিখা বিভিন্ন ধরনের বই, উপন্যাস, মোটা হরফে লিখা বই এবং বাচ্চাদের বই পাবেন। কিছু সংখ্যক মোবাইল লাইব্রেরীতে টকিং বুক (ক্যাসেটে ধারণকৃত বই) থাকে। নির্দিষ্ট সময় পর পর অন্যান্য লাইব্রেরীর সাথে সব সামগ্রী বিনিময় করা হয়। আপনি মোবাইল লাইব্রেরীতে ইন্টারনেটও ব্যবহার করতে পারবেন।

আমি যে বইটি চাই সেটি মোবাইল লাইব্রেরীতে না থাকলে আমি কি করবো?

আপনি মোবাইল লাইব্রেরীর কর্মচারীদেরকে অনুরোধ করতে পারেন এই ব্যাপারে আপানকে সাহায্য করার জন্য। তা'ছাড়া আপনি কমপিউটারের টার্মিন্যাল ব্যবহার করেও লাইব্রেরী সার্ভিসের ক্যাটালগে (এবং ইন্টারনেটে) সংযোগ পেতে পারেন। মোবাইল লাইব্রেরীতে বই অথবা অন্য কোন সামগ্রী (যেমন, ক্যাসেটে ধারণকৃত বই, ভিডিও, ডিভিডি অথবা কমপিউটার গেইম) না থাকলে, আপনি সেগুলোর জন্য ফরমায়েশ দিতে পারবেন। ***চার্জেস (Charges)*** নামের প্রচারপত্রে ফরমায়েশের জন্য বর্তমান ফি'র হার সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

আমি যদি সিঁড়িতে বা উঁচু কোন স্থানে উঠতে না পারি, তাহলে আমি কি মোবাইল লাইব্রেরী ব্যবহার করতে পারবো?

হ্যাঁ, পারবেন। মোবাইল লাইব্রেরীর সবকয়টি গাড়িতেই হুইলচেয়ার দিয়ে উঠার ব্যবস্থা রয়েছে। গাড়িতে উঠা এবং নামায় মোবাইল লাইব্রেরীর ড্রাইভার আপনাকে সাহায্য করবেন।

যদি মোবাইল লাইব্রেরী কোন এক দিন না আসে তাহলে কি হবে?

যদি মোবাইল লাইব্রেরীর সফর বাতিল করা হয়, তাহলে লাইব্রেরী যেসব স্থানে যায় সেসব স্থানের কাস্টমারদেরকে কর্মচারীরা জানানোর চেষ্টা করবেন। সেইদিন যদি কোন সামগ্রী বা বই ফেরত দেওয়ার কথা থাকে, তাহলে আমরা পরবর্তী সফর পর্যন্ত সেটির সময় আপনাআপনি বাড়িয়ে নেবো। তারিখের কাগজে নতুন তারিখ যদি লিখে নেন, তাহলে ভাল হবে।

সমারসেট স্টাডিজ

আমি স্থানীয় এলাকার ইতিহাস সম্পর্কে শিক্ষা সামগ্রীর জন্য কোথায় খোঁজ করবো?

আপনি খুঁজবেন সমারসেটের যে কোন লাইব্রেরীর তাকে বা শেলফে এবং টাওন্টন লাইব্রেরীর Somerset Studies Library বিভাগে, এবং স্কুলগুলোর ক্ষেত্রে ব্রিজওয়াটার লাইব্রেরীর Resources for Learning বিভাগে।

সমারসেট স্টাডিজ লাইব্রেরী কি এবং তা কোথায় অবস্থিত?

এটি হলো একটি পাবলিক রেফারেন্স লাইব্রেরী। সমারসেট আর্কিওলোজিক্যাল এবং ন্যাচারেল হিস্ট্রি সোসাইটির ব্যক্তিগত লাইব্রেরীও এখানে অবস্থিত। এখানকার সব বইপত্র মেম্বার নন এম লোকরাও ব্যবহার করতে পারেন। এটি টাওন্টন লাইব্রেরীর প্রথম তালায় অবস্থিত এবং এটির ঠিকানা এবং খোলার সময়সূচী লাইব্রেরীসমূহের ঠিকানা লিখে প্রকাশিত প্রচারপত্রে রয়েছে এবং লাইব্রেরীর ওয়েবসাইটেও রয়েছে।

আমি সেখানে কি কি পাবো?

- সমারসেটের যে কোন দিক নিয়ে লিখা বই এবং আরো বৃহত্তর ঐতিহাসিক বিষয়ের উপর লিখা বইও পাবেন।
- অনেক জার্নাল, বিশেষ করে, ব্রিটিশ আর্কিওলোজি সম্পর্কে এবং কমপিউটারে ধারণকৃত সমারসেট সম্পর্কে লিখা প্রবন্ধসমূহের তালিকা ।
- ১৭৩৭ সাল থেকেক আরম্ভ করে আজ পর্যন্ত প্রকাশিত সমারসেটের সব খবরের কাগজের মাইক্রোফিল্মের কপি।
- অনেক ম্যাপ, যেমনঃ ও.এস ওওউল্ড সিরিজ (মাইক্রোফিল্ম) সার্ভেয়ারের ড্রয়িং, ও.এস প্রথম সংখ্যা 1:2500 এবং 1:500, টাইথি ম্যাপ(চার্চকে খাজনা প্রদান সংক্রান্ত প্রাচীন ম্যাপ)
- নকসা, মুদ্রণ, পোস্টকার্ড, ভূমির এবং আকাশের ফটোগ্রাফ।
- ইংল্যান্ড এবং ওয়েলসে ১৮৩৭ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত জন্ম এবং মৃত্যুর রেজিস্ট্রেশনের ইনডেক্স।

আমি কিভাবে তা ব্যবহার করতে পারবো?

আপনি নিজে এসে, অথবা somstud@somerset.gov.uk ঠিকানায় ইমেইল পাঠিয়ে, চিঠি লিখে, 01823 340300 নাম্বারে ফোন করে, অথবা অন্য কোন লাইব্রেরীর মাধ্যমে আপনার অনুসন্ধানের কথা জানিয়ে নিয়ে। এই লাইব্রেরীতে রাখা সামগ্রী ব্যবহার করার জন্য আপনাকে আগে থেকেই তারিখ ও সময় (এপয়েন্টমেন্ট) ঠিক করতে হবে না। গ্রন্থস্বত্বের আইন ভঙ্গ না করে আপনি সেখানেই ফটোকপি করতে পারবেন এবং মাইক্রোফিল্ম বড় করতে পারবেন, কয়েক দিন আগে জানালে ফটো ধার নিতে পারবেন।

আমার প্রয়োজনীয় তথ্য যদি আমি না পাই, তাহলে কি হবে?

Obridge Road, Taunton, TA2 7PU ঠিকানায় অবস্থিত সমারসেট রেকর্ড অফিসে প্যারিশ রেজিস্টার এবং সেনসাস রিটার্ন সহ কাউন্টির সব মূল রেকর্ডপত্র রয়েছে, 01823 337600 নাম্বারে ফোন করে সময় ও তারিখ ঠিক করে নিয়ে (www.somerset.gov.uk/archives)।

কাউন্টির হিস্টোরিক এনভায়রনমেন্ট রেকর্ড Architecture & Historic Heritage, County Hall, Taunton, TA1 4DY ঠিকানায় রাখা হয়, 01823 355426 নাম্বারে ফোন করে এপয়েন্টমেন্ট ঠিক করে নিয়ে। www.someret.gov.uk/heritageওয়েবসাইটে গিয়েও তা দেখা যাবে।

জাতীয় রেকর্ডপত্রের মূল কপি Public Record Office, Ruskin Avenue, Kew, Richmond, TW9 4DU এই ঠিকানায় রয়েছে। টেলিফোন: 020 8876 3444 (www.pro.gov.uk)।

সমারসেট স্টাডিজ লাইব্রেরীতে আর কি কি রয়েছে?

এই লাইব্রেরীতে স্থানীয় এবং পারিবারিক ইতিহাস নিয়ে গবেষণার সুযোগ প্রদান করা হতে পারে। এই সার্ভিসের জন্য সামান্য ফি আদায় করা হয় এবং ***লোক্যাল এন্ড ফ্যামিলি হিস্ট্রি রিসার্চ (* Local and family history research*)*** নামের প্রচারপত্রে এই ব্যাপারে বিস্তারিত বিবরণ রয়েছে।

পারফর্মিং আর্টস (নাট্যশিল্প)

পারফর্মিং আর্টস লাইব্রেরী কি এবং এটি কোথায় অবস্থিত?

গান বাজনা এবং নাট্যশিল্পের জন্য এই লাইব্রেরী থেকে সাজ-সরঞ্জাম দেওয়া হয়। এটি ইয়োভিল লাইব্রেরীর দ্বিতীয় তলায় অবস্থিত। ঠিকানা এবং খোলার সময়সূচী লাইব্রেরী এড্রেসেস নামের প্রচারপত্রে এবং লাইব্রেরীর ওয়েবসাইটে রয়েছে।

পারফর্মিং আর্টস লাইব্রেরী থেকে কি কি সামগ্রী প্রদান করা হয়?

মিউজিক স্কৌর, বইপত্র, রেফারেন্স সামগ্রী, নাট্যশিল্পের সামগ্রীর একাধিক কপি, গানের কমপিউটারে ধারণকৃত তালিকা, এবং পরামর্শ ও রেফারেন্স সার্ভিস।

পারফর্মিং আর্টস লাইব্রেরী থেকে নাটকের কি কি সামগ্রী প্রদান করা হয়?

নাটকের সেট এবং সিংগুল কপি, বইপত্র, রেফারেন্স সামগ্রী, সংগ্রহকৃত সামগ্রীর সূচীপত্রসহ সব নাটকের পান্ডুলিপি (নাটকের শ্রেণী এবং দৈর্ঘ্য ভিত্তিক তালিকা), এবং পরামর্শ ও রেফারেন্স সার্ভিস।

কে এই সেবা ব্যবহার করতে পারবেন?

কোয়ার, ওর্কেস্ট্রা, স্কুল, চার্চ এবং কাউন্টিতে বা কাউন্টির নিকটে অবস্থিত নাট্যশিল্পের অন্য প্রতিষ্ঠান; সিংগুল-কপি মুদ্রণকৃত গানের বা নাটকের পান্ডলিপি যাদের দরকার, তারা।

আমি কি কি ধার নিতে পারবো?

গান এবং নাটকের সর্বোচ্চ ১০টি সিংগুল কপি; মিউজিক সেট (গানবাজনার সাজ-সরঞ্জাম) রিহার্সেল অথবা অভিনয়ের ক্ষেত্রে বেশি দিনের জন্য ধারন নিতে পারবেন; শুধুমাত্র পড়ার জন্য নাটকের সেট নিতে পারবেন।

আমি কিভাবে বই, গান, এবং নাটক ধার নেওয়ার অনুরোধ জানাবো?

এই বইগুলো লাইব্রেরী সার্ভিসের স্বাভাবিক পদ্ধতি অনুসরণ করেই অনুরোধ জানানো এবং ধার দেওয়া হয়।

আমি কিভাবে সিংগুল কপির জন্য অনুরোধ জানাবো?

পারফর্মিং আর্টস লাইব্রেরীতে নিজে গিয়ে অথবা সমারসেটের যে কোন পাবলিক লাইব্রেরীতে অনুরোধ জানানো যাবে। অনুরোধের জন্য ফি দিতে হবে।

আমি কিভাবে সেটের জন্য অনুরোধ জানাবো এবং তা ধার নেবো?

পারফর্মিং আর্টস লাইব্রেরীতে (যোগাযোগের বিবরণ 21নং পৃষ্ঠায় রয়েছে) অনুরোধের ভাউচার পাওয়া যায় এবং সেই ভাউচার খরিদ করে নিয়ে সেটির মাধ্যমে অনুরোধ জমা দিতে হবে। টেলিফোন, ফ্যাক্স, ইমেইল অথবা চিঠির মাধ্যমে অনুরোধ কেবলমাত্র তখনই গ্রহণ করা হবে যদি সাথে সঠিক পরিমাণের ফি সংযুক্ত করা হয় বা এর পরে পাঠিয়ে দেওয়া হয়। ফি'র বর্তমান হার সম্পর্কে চার্জেস নামের প্রচারপত্রে বিস্তারিত বিবরণ রয়েছে।

রিডিং গ্রুপ

সমগ্র সমারসেটের ৮০টিরও বেশি রিডিং গ্রুপ লাইব্রেরী সার্ভিসের সাথে রেজিস্টারভুক্ত এবং গ্রুপ তৈরি এবং পরিচালনার ব্যাপারে পরামর্শ লাভ করে, বইপত্র পড়ার ধারণা লাভ করে, বইপত্র এবং তথ্য লাভ করে, রিডিং লিস্ট্স, বিনামূল্যে সংরক্ষণ এবং বেশিদিনের জন্য বইপত্র ধার নেওয়ার সুযোগ লাভ করে তারা উপকৃত হন। আরো তথ্যের জন্য কর্মচারীদেরকে জিজ্ঞাসা করুন।

লাইফলং লার্নিং (জীবনভর শিক্ষা)

শিক্ষার্থীদের সাহায্যের জন্য লাইব্রেরীগুলো অনেক ধরনের শিক্ষাসামগ্রী প্রদান করে থাকে। এডাল্ট লার্নিং এন্ড লেজার সার্ভিসের এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের সাথে শরীক হয়ে, তারা জ্ঞান অর্জনে এবং শিক্ষায় যোগ দেওয়ার উৎসাহ যুগিয়ে থাকেন। লাইব্রেরীগুলোর বিভিন্ন নতুন কৌর্স এবং যে কোন সময় যোগ দেওয়ার আসরগুলোর মাধ্যমে নতুন কোন কিছু করে দেখার সুযোগ সম্পর্কে কর্মচারীদেরকে অনুগ্রহ করে জিজ্ঞাসা করুন। তা'ছাড়া আপনার এলাকার এডাল্ট লার্নিং এন্ড লেজার সার্ভিসের সাথেও আরো সুযোগ সুবিধার ব্যাপারে যোগাযোগ করতে পারেন।

কমিউনিটির কাজের জন্য লাইব্রেরীর ব্যবহার

লাইব্রেরী বন্ধ থাকাকালীন সময়ে লাইব্রেরী কি ব্যবহার করা যাবে?

লাইব্রেরী বন্ধ থাকাকালীন সময়ের জন্য আমাদের অনেক হল বুক (সংরক্ষণ) করা যাবে, যদি হলগুলো সংশ্লিষ্ট কাজের জন্য যথেষ্ট বড় হয় এবং এর সুযোগ সুবিধা গ্রহণযোগ্য হয়। টাওন্টন লাইব্রেরীতে রয়েছে লাইব্রেরী খোলা থাকা অবস্থায়ই মিটিং করার সুবিধা। চার্জেস নামের প্রচারপত্রে ভাড় নেওয়ার হার বর্ণনা করা হয়েছে - আরো বিস্তারিত বিবরণের জন্য অনুগ্রহ করে লাইব্রেরীর কর্মচারীদেরকে জিজ্ঞাসা করুন।

প্রদর্শনের জন্য কোন কিছু কি আমি লাইব্রেরীতে লাগাতে পারবো অথবা লাইব্রেরীতে কি প্রদর্শনীর আয়োজন করতে পারবো?

কতটুকু জায়গা খালি থাকবে এবং কি ধরনের সামগ্রী প্রদর্শন করতে চান, তার উপর ভিত্তি করে আমরা এই সুযোগ প্রদানের চেষ্টা করবো। অনুগ্রহ করে এই ব্যাপারে কর্মচারীদের সাথে আলাপ করে নেবেন, কারণ বুক করার সময়সূচী থাকতে পারে এবং প্রদর্শনের জন্য ফি পরিশোধ করতে হতে পারে।

শিক্ষা সামগ্রী

শিক্ষা সামগ্রীর জন্য গ্রাহক হতে হয়। এই সেবার মাধ্যমে অনেক বিষয়ের উপর সামগ্রী, পরামর্শ, ট্রেইনিং এবং ব্যবহারিক সাহায্য দিয়ে স্কুলগুলোকে সহায়তা করা হয়। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আর.এফ.এল-কে টেলিফোন করে (01278 421015)) যোগাযোগ করুন অথবা ফ্যাক্স পাঠান: (01278 444284)।

আপনি আমাদের কাছ থেকে কি কি আশা করতে পারেন

আমাদের লক্ষ্যসমূহ

সমারসেটের লাইব্রেরীগুলোর ক্ষেত্রে সমারসেট কাউন্টি কাউন্সিলের উচ্চাশা হলো, লাইব্রেরীগুলো কাউন্টির সর্বস্তরের লোক এবং কমিউনিটিগুলোর মানুষের জীবনযাত্রার মানে সম্ভাব্য ইতিবাচক প্রভাব রাখবে। তারা এই সাফল্য অর্জন করবে, ক্রমাগত ভাবে সার্ভিসগুলো উন্নত করে নিয়ে এবং স্থানীয় লোকদের চাওয়া পাওয়া মিটানোর জন্য উন্নত মানের এবং নতুন পদ্ধতির সন্ধান করে। অনুসন্ধানী মন গড়ে তোলায় তারা এবং বাল্যকাল থেকেই বইয়ের প্রতি আকর্ষণ গড়ে তোলায় তারা সাহায্য করবেন; সব বয়সের লোকদের আই.সি.টিতে আস্থা এবং দক্ষতা গড়ায় সাহায্য করবেন এবং এমন সব সামগ্রী ব্যবহারের সুযোগ প্রদান করবেন, যেগুলো জনগণকে জ্ঞানার্জনে, সংস্কৃতিতে এবং সমাজে অন্তর্ভুক্ত করে এবং সবকিছু জেনেশুনে নিজেদের জীবনের সাথে জড়িত বিষয়াদিতে সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করে নেওয়ার জন্য আমরা ওয়াদাবদ্ধ রয়েছি:

- স্থানীয় লোকদের জন্য সার্ভিসগুলো হবে যথোপযুক্ত
- কর্মচারীরা হবেন জ্ঞানী এবং সাহায্যকারী
- প্রত্যেককেই সাদরে গ্রহণ করা হবে এবং তারা লাইব্রেরীর সুযোগ সুবিধা ব্যবহার করতে গিয়ে আস্থাবোধ করবেন
- লোকরা অনেক ধরনের বইপত্র বিভিন্ন ধরনের নমুনায় ব্যবহারের সুযোগ পাবেন এবং তাদের বর্তমান চাওয়া পাওয়া পরিপূর্ণ হবে
- কোন সার্ভিস ব্যবহারের প্রয়োজন দেখা দিলে তা খুব সহজে এবং অনেক উপায়ে ব্যবহার করার সুযোগ থাকবে, যেমন, সার্ভিস পয়েন্টের মাধ্যমে অথবা দূরবর্তী স্থানে ডেলিভারি দিয়ে
- কমিউনিটির লোকরা লাইব্রেরীর সার্ভিস সম্পর্কে জানবেন এবং সেগুলোর উপর প্রভাব খাটাবেন
- অন্যান্য লোকদের সাথে কাজ করে সার্ভিসসমূহ উন্নত করার সুযোগ কাজে লাগানো হবে

আমরা তা কিভাবে করি?

- আমরা পঠনের (রিডিং এর) এবং জ্ঞানার্জনের বিকাশ ঘটাই
- প্রত্যেককে তথ্য এবং প্রদান করি এবং ডিজিট্যাল দক্ষতা এবং সার্ভিসেস ব্যবহারের সুযোগ দেই
- আমরা বিকলাঙ্গ লোকদের জন্য প্রবেশ এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করি যা সাম্যতা এবং ন্যায্যতার বিকাশ ঘটায়
- বর্তমান আইন অনুযায়ী আমরা বিনামূল্যের সার্ভিস প্রদান করি।

সার্ভিসগুলোর আদর্শ মান

আমরা জাতীয় পাবলিক লাইব্রেরীর আদর্শ মান অর্জন করতে চাই যা ডিপার্টমেন্ট ফর কাল্চার মিডিয়া এন্ড স্পোর্ট কর্তৃক নির্ধারণ করে দেওয়া হয়েছে।

আমরা নিম্নলিখিত স্থানীয় আদর্শ মানগুলো অর্জন করার লক্ষ্য রাখবো:

- চার মিনিটের মধ্যে লোকদেরকে সেবা প্রদান করবো
- আপনার প্রয়োজনীয় বই বা অন্য কোন সামগ্রী ছয় কার্যদিবসের মধ্যে সংগ্রহ করবো, যদি তা সমারসেটের অন্য কোন লাইব্রেরীর শেলফে থাকে
- প্রত্যেক বছর কমপক্ষে ২০% ধার দেওয়ার সামগ্রী লাইব্রেরীগুলোর মধ্যে বিনিময় করে প্রতিটি লাইব্রেরীর সামগ্রী ধার নেওয়ার পরিমাণ বাড়াবো
- মন্তব্য অথবা অভিযোগের জবাব প্রাথমিক ভাবে দশ কার্যদিবসের মধ্যে দেবো

সেবা প্রদানের শর্তাবলী

উপরোক্ত সেবাগুলো এবং সুবিধাদি লাইব্রেরীর আইন এবং বিধান মোতাবেক প্রদান করা হয়।

লাইব্রেরী সার্ভিস সম্পর্কে আপনার মন্তব্যকে আমরা স্বাগত জানাই

আপনি মন্তব্য করতে পারবেন:

- আপনার এলাকার লাইব্রেরীর কর্মচারীদের সাথে আলাপ করে
- হেড অব কালচারেল সার্ভিসকে 01278 451201 নাম্বারে ফোন করে
- কমেন্ট্স ফরম (মন্তব্য জানানোর ফরম) পূরণ করে নিয়ে, যা লাইব্রেরীতে পাওয়া যায়
- www.somerset.gov.uk/libraries ওয়েবসাইটে গিয়ে এবং 'Feedback' পদ্ধতিটি ব্যবহার করে
- আমাদের কাছে এই ঠিকানায় ইমেইল পাঠিয়ে: enquiry@somerset.gov.uk

জুলাই ২০০৪

	লাইব্রেরী এডমিনিস্ট্রেশন সেন্টার Library Administration Centre Mount Street • Bridgewater • TA6 3ES
টেলিফোন	01278 451201
ফ্যাক্স	01278 452787
ইমেইল	librec@somerset.gov.uk
	ইনকোয়ারী সেন্টার Enquiry Centre The Library • Paul Street • Taunton • TA1 3XZ
টেলিফোন	01823 336370
ফ্যাক্স	01823 272178
ইমেইল	enquiry@somerset.gov.uk
	শিক্ষা সামগ্রী Resources for Learning Parkway • Bridgewater • TA6 4RI
টেলিফোন	01278 421015
ফ্যাক্স	01278 444284
ইমেইল	R41@somerset.gov.uk
	পারফর্মিং আর্টস লাইব্রেরী Performing Arts Library The Library • King George Street • Yeovil • BA20 1PY
টেলিফোন	01935 472020
ফ্যাক্স	01935 429 133
ইমেইল	muslib@somerset.gov.uk
	সমারসেট লাইব্রেরীজ, আর্টস এন্ড ইনফর্মেশন Somerset Libraries, Arts & Information আরো তথ্যের জন্য অথবা আমাদের কাছে মন্তব্য বা পরামর্শ পাঠানোর জন্য
ওয়েবসাইট	www.somerset.gov.uk/libraries
ইমেইল	enquiry@somerset.gov.uk লাইব্রেরীর ক্যাটালগ দেখার জন্য, ধার নেওয়া সামগ্রীর সময় বাড়ানোর অথবা কোন সামগ্রীর ফরমায়েশ করার জন্য কিংবা আমাদের কাছে আপনার মন্তব্য পাঠানোর জন্য
ওয়েবসাইট	www.foursite.somerset.gov.uk

Callpoint
ধার নেওয়া সামগ্রীর সময় বাড়ানোর জন্য
টেলিফোন 01823 334344

লাইব্রেরীজ ডাইরেক্ট
Libraries Direct
কাস্টমার এডভাইজারের সাথে আলাপ করার জন্য
টেলিফোন 0845 3459177

সমারসেট কাউন্টি কাউন্সিল
ওয়েবসাইট www.somerset.gov.uk